ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৯১

আগরতলা, ১৯ মে, ২০২৫

**ঝাড়খন্ডের নির্বাচন কর্মীদের দুইদিনের দক্ষতা উন্নয়ন কর্মসূচির উদ্বোধন করলেন মুখ্য নির্বাচন কমিশনার**



আজ নয়াদিল্লির ইন্ডিয়া ইন্টারন্যাশন্যাল ইনস্টিটিউট অব ডেমোক্র্যাসি এন্ড ইলেকশন ম্যানেজমেন্ট (আইআইআইডিইএম) -এ ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ঝাড়খন্ডের নির্বাচন কর্মীদের জন্য দু'দিনের দক্ষতা উন্নয়ন কর্মসূচির উদ্বোধন করেন। ডিইও, ইআরও, বিএলও এবং বিএলও সুপারভাইজার মিলিয়ে মোট ৪০২ জন নির্বাচন কর্মী এতে অংশগ্রহণ করছেন। গত তিন মাসে নির্বাচন কমিশন আইআইআইডিইএম-এ সারা দেশের ৩০০০ এর বেশি নির্বাচন কর্মীর প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

আজ এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ঝাড়খন্ডে নির্বাচন তালিকা তৈরীর সময় তৃণমূল স্তরের নির্বাচন কর্মীদের কঠোর নিষ্ঠা ও পরিশ্রমের প্রশংসা করেন। জনপ্রতিনিধি আইনের আওতায় প্রথম আপিল ও দ্বিতীয় আপিল সম্পর্কে নির্বাচকদের সচেতন করার কথাও মুখ্য নির্বাচন কমিশনার তুলে ধরেন। উল্লেখ্য, চূড়ান্ত ভোটার তালিকা তৈরীর পরও জেলাশাসক/ জেলা সমাহর্তা / কার্যকরি ম্যাজিস্ট্রেট/ মুখ্য নির্বাচন আধিকারিকের কাছে প্রথমবার ও দ্বিতীয়বার আপিল করা যেতে পারে। ৬-১ জানুয়ারি, ২০২৫ এ বিশেষ সামারি রিভিশনের পর ঝাড়খন্ডে কোন আপিল জমা পড়েনি। সঠিক নির্বাচক তালিকা তৈরী করার জন্য নির্বাচন কর্মীদের জনপ্রতিনিধি আইন ১৯৫০, ১৯৫১, রেজিস্টেশন অব ইলেকটরস রুলস ১৯৬০, কন্ডাক্ট অব ইলেকশন রুলস ১৯৬১ এবং সময় সময় নির্বাচন কমিশনের জারি করা নিয়ম সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই প্রশিক্ষণ কর্মসূচিতে রয়েছে ইন্টারেকটিভ সেশন, রোল প্লে, বাড়ি বাড়ি সমীক্ষা করা, কেস স্টাডি, ফর্ম ৬,৭,৮ পূরণ করার জন্য হাতে কলমে শিক্ষা ইত্যাদি। তাছাড়া ভোটার হেল্পলাইন অ্যাপ ভিএইচএ এবং অন্যান্য আইটি টুলগুলি চালানো, ইভিএম, ভিভিপ্যাট পরিচালনা করা, মকপোল ইত্যাদি শেখানো হয়। ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******